



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/৮-৩২৮

তারিখ : ৩০/১০/২০১৪ খ্রি.

বিষয় : সমাজ বিজ্ঞান বিষয়ের স্বীকৃতি প্রদান

সূত্র : কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ২৮/১০/২০১৪খ্রি. তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, বামনা ডিগ্রি কলেজ, ডাক ও উপজেলা : বামনা, জেলা : বরগুনা-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে সমাজ বিজ্ঞান এবং গণিত বিষয়ের স্বীকৃতি ০১/০৭/২০০৮ থেকে ৩০/০৬/২০১৫ খ্রি. পর্যন্ত প্রদান করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

## শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও ৭৫% পরীক্ষা অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। জনবল কাঠামো-২০১০ অনুসরণ করে শিক্ষক-কর্মচারী নিয়োগ করে অত্র বোর্ডে অবহিত করতে হবে
- ০৩। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে
- ০৪। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৬। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৭। জরুরি ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন দাখিল করতে হবে
- ০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ১০। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ১১। উপরোক্ত শর্তাবলীর কোন প্রকার ব্যত্যয় ঘটলে বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

৩০.১০.২০১৪

ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫  
30.10.14

অধ্যক্ষ

বামনা ডিগ্রি কলেজ

ডাক ও উপজেলা : বামনা

জেলা : বরগুনা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ০৫। পিএসটু চেয়ারম্যান, বশিবো
- ০৬। সংরক্ষণ নথি